গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# চেয়ারম্যান

বাংলাদেশ রাবার বোর্ড, চট্টগ্রাম

এবং

# সচিব

পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়

এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

১ জুলাই ২০২১-৩০ জুন ২০২২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

চেয়ারম্যান, বাংলাদেশ রাবার বোর্ড, চট্টগ্রাম
এবং
সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০২১ – জুন ৩০, ২০২২

## সূচিপত্র


| | |
|---|---|
| প্রস্তাবনা | ২ |
| কর্মসম্পাদনের সার্বিক চিত্র | ৩-৪ |
| সেকশন ১: রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশসমূহ এবং কার্যাবলি | ৫-৬ |
| সেকশন ২: বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল (Outcome)/প্রভাব (Impact) | ৭ |
| সেকশন ৩: কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকারভিত্তিক কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ | ৮-১০ |
| সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) | ১১ |
| সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী দপ্তর/ সংস্থাসমূহ এবং পরিমাপ পদ্ধতি | ১২ |
| সংযোজনী ৩: কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্যান্য মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থার উপর নির্ভরশীলতা | ১৩ |
| সংযোজনী ৪ | ১৪ |

## প্রস্তাবনা (Preamble)

প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহিতা জোরদারকরণ, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে সরকারের ইশতেহার, প্রেক্ষিত পরিকল্পনা ২০২১-২০৪১, অষ্টম পঞ্চবার্ষিক পরিকল্পনা, রূপকল্প ২০৪১, ব-দ্বীপ পরিকল্পনা ২১০০, টেকসই উন্নয়ন অভীষ্ট এবং মুজিববর্ষের লক্ষ্যসমূহের যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

চেয়ারম্যান, বাংলাদেশ রাবার বোর্ড, চট্টগ্রাম

এবং

সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়

এর মধ্যে ২০২১ খ্রি. সাল ............ তারিখ ................ মাসে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

# বাংলাদেশ রাবার বোর্ডের কর্মসম্পাদনের সার্বিক চিত্র

## (Overview of the Performance of Bangladesh Rubber Board, Chattogram)

## সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা

**সাম্প্রতিক বছর সমূহের (তিন বছর) প্রধান অর্জনসমূহঃ**

বাংলাদেশে প্রাকৃতিক রাবার শিল্পের টেকসই উন্নয়নের লক্ষ্যে অন্যান্য রাবার উৎপাদনকারী দেশসমূহের সাথে সহযোগিতা জোরদার করতে বাংলাদেশ রাবার বোর্ড গত অক্টোবর, ২০১৭ সালে Association of Natural Rubber Producing Countries (ANRPC) এর সদস্যপদ গ্রহণ করেছে। এছাড়া বাংলাদেশ রাবার বোর্ড International Rubber Research and Development Board (IRRDB) এর সদস্যপদও গ্রহণ করেছে।

IRRDB এর সদস্য রাষ্ট্রসমূহ কর্তৃক স্বাক্ষরিত সমঝোতা স্মারক (MoU) "The Multilateral Clone Exchange among IRRDB Member Countries" অনুযায়ী চলতি বছরে বাংলাদেশ রাবার বোর্ড ভারত ও শ্রীলংকা হতে উচ্চফলনশীল রাবার ক্লোন আমদানির উদ্যোগ গ্রহণ করেছে। বাংলাদেশের মাটি ও আবহাওয়া উক্ত ক্লোনসমূহের জন্য অনুকূল হলে বাংলাদেশে প্রাকৃতিক রাবারের উৎপাদনশীলতা বাড়বে মর্মে আশা করা যায়। তবে এজন্যে অন্তত: ৮-১০ বছর অপেক্ষা করতে হতে পারে। রাবার ক্লোন আমদানির জন্য সংশ্লিষ্ট দফতর হতে ইতোমধ্যে আমদানি পারমিট গ্রহণ করা হয়েছে এবং উচ্চ ফলনশীলজাত আমদানীর লক্ষ্যে ভারত ও শ্রীলংকার সাথে ইমেইলের মাধ্যমে যোগাযোগ করা হয়েছে। তন্মধ্যে ভারত হতে ইতিবাচক সাড়া পাওয়া গেছে। ইতোমধ্যে এ ব্যাপারে অ্যামবেসির মাধ্যমে যোগাযোগ করার জন্য পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের মাধ্যমে বাণিজ্য মন্ত্রণালয়কে অবহিত করা হয়েছে। রাবার ও রাবার ভিত্তিক শিল্প প্রতিষ্টান সম্পর্কে তথ্য উপাত্ত সংগ্রহ করে ডাটাবেইজ প্রণয়নের জন্য রাবার বোর্ড কাজ করছে। রাবার চাষ পদ্ধতি আধুনিকায়নের জন্য বাগান মালিক, ম্যানেজার ও টেপারদের প্রশিক্ষণ কার্যক্রম শুরু করা হয়েছে। সারাদেশে ১ লক্ষ একরের অধিক জমিতে রাবার বাগানের মোট উৎপাদনের তথ্য নেওয়াসহ বিদেশে রপ্তানি করার জন্য উদ্যোগ গ্রহণ করা হচ্ছে। ব্যক্তিমালিকানায় সরকারী ইজারাধীন প্রায় ৩৩ হাজার বর্গ একর অব্যবহৃত জমি উদ্ধার, মেয়াদোত্তীর্ণ জমির পুনঃ ইজারা প্রদান অথবা বাতিলকরণের পর আগ্রহী চাষীদের বরাবরে পুনঃ ইজারা প্রদানের ব্যবস্থাগ্রহণের উদ্যোগ নেয়া হয়েছে। এছাড়া বাংলাদেশ রাবার বোর্ড নিজস্ব জমি, বাগান, ফ্যাক্টরী, ট্রেনিং সেন্টার, রিসার্চ সেন্টার, নিজস্ব অফিস ভবন, কোয়ার্টার নির্মাণ এ সমস্ত বিষয়ে মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করা হয়েছে। নিজস্ব ওয়েব পোর্টাল ও ফেইসবুক পেইজ খোলা হয়েছে। রাবার চাষ পরিবেশ বান্ধব। রাবার চাষ দারিদ্র নিরসনে এবং নারীর ক্ষমতায়নেও ভূমিকা রাখতে সক্ষম। রাবার চাষ জলবায়ু পরিবর্তনজনিত ঝুঁকি মোকাবেলায় ভূমিকা রাখতে পারে। পরিবেশবান্ধব রাবার শিল্পের বিকাশে বাংলাদেশ রাবার বোর্ড প্রতিশ্রুতিবদ্ধ।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ :**

বাংলাদেশ রাবার বোর্ড অর্পিত দায়িত্বসমূহ পালনে অঙ্গীকারাবদ্ধ। অর্পিত দায়িত্বপালন ও লক্ষ্য অর্জনে কিছু চ্যালেঞ্জ/প্রতিবন্ধকতা পরিলক্ষিত হচ্ছে যা' নিম্নে উল্লেখ করা হলঃ

- অপর্যাপ্ত জনবল; নিয়োগ প্রক্রিয়া শুরু করার জন্য কর্মকর্তা পদায়ন করা হয়নি।
- নিজস্ব কোন ভবন/অবকাঠামো বা জমি না থাকা;
- বাংলাদেশে রাবার উৎপাদন ও ব্যবহার সম্পর্কে প্রয়োজনীয় তথ্য-উপাত্তের অভাব;
- দৈনন্দিন কার্যক্রম ও গবেষণার জন্য স্থানের প্রয়োজনীয় অপ্রতুলতা;
- মানব সম্পদ উন্নয়নের সুযোগের অভাব;
- আধুনিক উপকরণ ও গবেষণাগারের অভাব;
- প্রান্তিক ও ক্ষুদ্র রাবার চাষিদের সহায়তার জন্য প্রণোদনার অভাব;
- আমদানিকৃত রাবারের আমদানি শুল্ক কম হওয়া।

**ভবিষ্যৎ পরিকল্পনা :**

- ❖ প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি;
- ❖ বাংলাদেশ রাবার শিল্প সম্পর্কিত তথ্য- উপাত্ত সংগ্রহ;
- ❖ বহুজাতিক সহযোগিতা বৃদ্ধি;
- ❖ প্রাকৃতিক রাবারের উৎপাদন বৃদ্ধি;
- ❖ বন্য প্রাণী সংরক্ষণ ও নিরাপত্তা বৃদ্ধি;
- ❖ রাবার বাগান সম্প্রসারণের মাধ্যমে জলবায়ু পরিবর্তন জনিত ঝুঁকি মোকাবেলায় সক্ষমতা তৈরীকরণ;

❖ রাবার ভিত্তিক প্রতিষ্ঠান বৃদ্ধির জন্য উদ্যোক্তা তৈরী করা;
❖ কাঁচা রাবার রফতানির উদ্যোগ গ্রহণ;
❖ রাবার চাষ ও রাবার ভিত্তিক শিল্পের প্রসারের মাধ্যমে দারিদ্র নিরসনে সহায়ক ভূমিকা পালন

**২০২১-২২ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহঃ**

❖ প্রাতিষ্ঠানিক সক্ষমতা
❖ বাংলাদেশ রাবার শিল্প সম্পর্কিত তথ্য- উপাত্তসম্বলিত তথ্য ভান্ডার
❖ বহুজাতিক সহযোগিতা
❖ প্রাকৃতিক রাবারের উৎপাদন
❖ বন্য প্রাণী সংরক্ষণ ও নিরাপত্তা
❖ রাবার বাগান সম্প্রসারণ
❖ রাবার ভিত্তিক শিল্প প্রতিষ্ঠান স্থাপনে উদ্বুদ্ধকরণ
❖ কাঁচা রাবার রফতানির ব্যবস্থা গ্রহণ করা
❖ আয়ুষ্কাল সম্পন্ন রাবার গাছ অপসারণ করে নতুন বাগান সৃজনের উদ্যোগ গ্রহন
❖ অনুৎপাদনশীল রাবার গাছ অপসারণ ও প্রক্রিয়াজাতকরণ
❖ নতুন রাবার বাগান সৃজন

### সেকশন ১:

**১.১। রূপকল্প (Vision):** স্বয়ংসম্পূর্ণ টেকসই রাবার শিল্প প্রতিষ্ঠা ও পরিবেশ উন্নয়ন।

**১.২। অভিলক্ষ্য (Mission):**

প্রাতিষ্ঠানিক সক্ষমতা অর্জন, টেকসই আধুনিক প্রযুক্তি নির্ভর রাবার চাষ এবং রাবার শিল্পের বিকাশ, উৎপাদন, বিপনন, রপ্তানী ও উন্নয়ন নিশ্চিতকরণ, আত্ম-কর্মসংস্থান সৃষ্টি ও দারিদ্রতা নিরসন।

**১.৩। কৌশলগত উদ্দেশ্যসমূহঃ**

১। রাবার চাষ ও রাবার শিল্পের বিকাশ নিশ্চিতকল্পে বাংলাদেশ রাবার বোর্ড পরিচালনা কমিটির নিয়মিত সভা আহ্বান ও সিদ্ধান্ত বাস্তবায়ন;

২। প্রাতিষ্ঠানিক সক্ষমতা;

৩। রাবার বাগান মালিক ও চাষে নিয়োজিত শ্রমিকদের সাথে মতবিনিময় সভার মাধ্যমে সমস্যা চিহ্নিতকরণ ও সমাধানের উদ্যোগ গ্রহণ;

৪। সরেজমিন পরিদর্শন করে রাবার চাষ উপযোগী জমি চিহ্নিতকরণ ও জমি বরাদ্দের উদ্যোগ গ্রহণ;

৫। রাবার চাষ পদ্ধতি আধুনিকায়নের জন্য প্রশিক্ষণ প্রদান।

**১.৩.২। আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহঃ**

১। দাপ্তরিক কর্মকান্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহিতা নিশ্চিত করা;

২। কর্মসম্পাদনে গতিশীলতা আনয়ন ও সেবার মান বৃদ্ধি;

৩। আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন;

**১৩.৩। সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র (মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক নির্ধারিত)**

১) সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রম জোরদারকরণ

১) শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন

২) ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন

৩) তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন

৪) অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন

৫) সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন

**১.৪। সাধারণ কার্যাবলী (Functions) আইন/ বিধি দ্বারা নির্ধারিত কার্যাবলি)**

- রাবার চাষ ও রাবার শিল্প সংক্রান্ত নীতিমালা ও পরিকল্পনা প্রণয়ন এবং তা বাস্তবায়নে সরকারকে সুপারিশ, পরামর্শ ও সহায়তা প্রদান;
- রাবার চাষ ও রাবার শিল্প স্থাপনে ব্যক্তি উদ্যোক্তাগণকে বৈজ্ঞানিক, প্রযুক্তিগত, কারিগরী ও অর্থনৈতিক সহায়তা প্রদান;
- সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয় বা বিভাগের সহযোগিতায় রাবার চাষ উপযোগী জমি চিহ্নিতকরণ;
- রাবার চাষে আগ্রহী উপযুক্ত ব্যক্তি বা প্রতিষ্ঠান বাছাই এবং উক্ত ব্যক্তি বা প্রতিষ্ঠানের অনুকূলে জমি ইজারা বা বরাদ্দ প্রদানের নিমিত্ত সরকারের নিকট সুপারিশ প্রেরণ;
- ইজারা বা বরাদ্দ চুক্তির শর্ত ভঙ্গকারীর বিরুদ্ধে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণে সরকারকে প্রয়োজনীয় সুপারিশ প্রেরণ;
- রাবার বাগান সৃজনে মালিক বা ক্ষেত্রমত বরাদ্দ গ্রহীতাগণকে উদ্বুদ্ধকরণ;
- রাবার বাগান সৃজন এবং রাবার শিল্প স্থাপন ও বিকাশে মালিক বা ক্ষেত্রমত বরাদ্দ গ্রহীতাগণকে ঋণ ও বীমা সুবিধা প্রাপ্তিতে প্রয়োজনীয় সহায়তা প্রদান;
- রাবার বাগানের মালিক বা ক্ষেত্রমত বরাদ্দ গ্রহীতাগণকে বৈজ্ঞানিক, কারিগরি ও আর্থিক সহায়তা প্রদান;
- উৎপাদিত রাবার বিপণন ও রপ্তানীর জন্য প্রয়োজনীয় সহায়তা প্রদান;
- রাবার বাগানের জমির অনুপযুক্ত অংশে (৩৫ ডিগ্রী ঢালের উপরে অথবা জলাবদ্ধ অংশে) ফলজ, বনজ বা ঔষধি বৃক্ষসহ অন্যান্য সহায়ক অর্থকরী ফসল উৎপাদনে প্রযুক্তিগত ও অর্থনৈতিক সহায়তা প্রদান;
- রাবার বাগানের মালিক, শ্রমিক ও কর্মচারীদের প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ;
- রাবার বাগান ও রাবার শিল্পের সাথে সংশ্লিষ্ট শ্রমিক ও কর্মচারীদের প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা ও পুনর্বাসন কার্যক্রমে সহায়তা প্রদান;
- রাবার চাষ ও শিল্পের উপর গবেষণা কার্যক্রমে সহায়তা প্রদান;
- রাবার চাষ ও রাবার শিল্প উন্নয়নের লক্ষ্যে রাবার গবেষণা ইন্সটিটিউট প্রতিষ্ঠার উদ্যোগ গ্রহণ;

- রাবার চাষ ও রাবার শিল্প সংক্রান্ত যে কোন বিষয়ে ডাটাবেজ তৈরী ও হালনাগাদকরণ;
- ক্ষতিকারক কৃত্রিম রাবার সামগ্রীর উৎপাদন, আমদানী, বিপণন ও ব্যবহার নিরুৎসাহিত করার লক্ষ্যে সরকারকে পরামর্শ প্রদান;
- রাবার চাষ ও রাবার শিল্পের সার্বিক অগ্রগতি পর্যবেক্ষণ ও পরিবীক্ষণ; এবং
- জীবনচক্র হারানো রাবার কাঠ আহরণ, প্রক্রিয়াজাতকরণ ও বিপণনে সহায়তা প্রদান।

## সেকশন ২

### বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) | কর্মসম্পাদন সূচকসমূহ (Performance Indicators) | একক (Unit) | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা ২০২১-২০২২ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র (Source of Data) |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০১৯-২০ | ২০২০-২১ | | ২০২২-২৩ | ২০২৩-২৪ | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| বোড সভা | অনুষ্ঠিত সভা | সংখ্যা | ৩ | ৩ | ৩ | ৩ | ৩ | পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় | সভার কার্যবিবরণী |
| প্রাতিষ্ঠানিক সক্ষমতা | প্রাতিষ্ঠানিক সক্ষমতা | শতকরা | - | - | ৮০% | ১০০% | ১০০% | ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ রবার বোর্ড, বিএফআইডিসি, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, জেলা প্রশাসন, বেসরকারী প্রতিষ্ঠান, ব্যক্তি উদ্যোগ। | প্রতিবেদন/ বাস্তবে যাচাই |
| | | | | | | | | | |

## সেকশন ৩

## কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objective) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | গণনা পদ্ধতি (Calculation method) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators) | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২১-২২ (Target /Criteria Value for FY 2020-21) | | | | | প্রক্ষেপণ (Projection) ২০২২-২৩ | প্রক্ষেপণ (Projection) ২০২৩-২৪ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | ২০১৯-২০ | ২০২০-২১ | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ |
| **মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ** | | | | | | | | | | | | | | | |
| [১] বোর্ড সভা | ৪০ | **[১.১] বোর্ড সভা** | **[১.১.১] অনুষ্ঠিত সভা** | সংখ্যা | ৩ | ২০ | ৩ | ৩ | ৩ | ২ | ১ | | | ৩ | ৩ |
| | | | **[১.১.২] সিদ্ধান্ত বাস্তবায়ন** | % | ১০০ % | ২০ | | | ৯০% | ৮০% | ৭৫% | | | ১০০ | ১০০ |
| [২] প্রাতিষ্ঠানিক সক্ষমতা | ১০ | **[২.১]** প্রাতিষ্ঠানিক সক্ষমতা | **[২.১.১]** প্রাতিষ্ঠানিক সক্ষমতা | % | ১০০ | ১০ | | | ৭০% | ৬৮% | ৬৫% | | | ১০০ | ১০০ |
| [৩] সমস্যা চিহ্নিতকরণ ও সমাধানের উদ্যোগ গ্রহণ | ১০ | **[৩.১]**সমস্যা চিহ্নিতকরণ ও সমাধানের উদ্যোগ গ্রহণ | **[৩.১.১] চিহ্নিত সমস্যা** | % | ১০০ | ০৫ | | | ৯২% | ৮৬% | ৮২% | | | ১০০ | ১০০ |
| | | | **[৩.১.২] সমাধানকৃত** | % | ১০০ | ০৫ | | | ৮৯% | ৮৫% | ৮০% | | | ১০০ | ১০০ |
| [৪] রাবার চাষ উপযোগী জমি চিহ্নিতকরণ | ১০ | **[৪.১]** রাবার চাষ উপযোগী জমি চিহ্নিতকরণ ও জমি বরাদ্দের উদ্যোগ | **[৪.১.১] চিহ্নিত জমি** | একর | একর | ০৫ | | | ২৫০০ ০ | ২৩০০ ০ | ২১০০ ০ | | | ১০০ | ১০০ |
| | | | **[৪.১.২] বরাদ্দ** | একর | একর | ০৫ | ১০০ | ১০০ | | | | | | ১০০ | ১০০ |

সেকশন ৩

কর্মসম্পাদন পরিকল্পনা

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান ৩০ | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২১-২২ | | | | | প্রক্ষেপণ ২০২২-২৩ | প্রক্ষেপণ ২০২৩-২৪ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | ২০১৯-২০ | ২০২০-২১ | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ |
| **আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ (মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক নির্ধারিত)** | | | | | | | | | | | | | | | |
| সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ | ৩০ | ১) শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | % | ১০০ | ১০ | | | ১০০ | ৯৮ | ৯৫ | | | ১০০ | ১০০ |
| | | ২) ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন | ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়িত | % | ১০০ | ১০ | | | ৮৫ | ৮৩ | ৮০ | | | ১০০ | ১০০ |
| | | ৩) তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | % | ১০০ | ৩ | | | ১০০ | ৯৯ | ৯৮ | | | ১০০ | ১০০ |
| | | ৪) অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | % | ১০০ | ৪ | | | ১০০ | ৯৯ | ৯৮ | | | ১০০ | ১০০ |
| | | ৫) সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন | কর্মপরিকল্পনা বাস্তবায়িত | % | ১০০ | ৩ | | | ১০০ | ৯৯ | ৯৮ | | | ১০০ | ১০০ |

আমি, চেয়ারম্যান, বাংলাদেশ রাবার বোর্ড, চট্টগ্রাম গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবতন মন্ত্রণালয় -এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবতন মন্ত্রণালয়, চেয়ারম্যান, বাংলাদেশ রাবার বোর্ড, চট্টগ্রাম-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

২৭/০৬/২০২১

------------------------------------------ ------------------------------

চেয়ারম্যান, বাংলাদেশ রাবার বোর্ড, চট্টগ্রাম। তারিখ

সৈয়দা সারওয়ার জাহান
(অতিরিক্ত সচিব)
চেয়ারম্যান
বাংলাদেশ রাবার বোর্ড, চট্টগ্রাম
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়

27/07/2021

------------------------------------------ ------------------------------

সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবতন মন্ত্রণালয়। তারিখ

# শব্দসংক্ষেপ (Acronyms)

| | | |
|---|---|---|
| ১ | BCCSAP | Bangladesh Climate Change Strategy and Action Plan |
| ২ | BCCT | Bangladesh Climate Change Trust |
| ৩ | ECA | Ecologically Critical Area |
| ৪ | ETP | Effluent Treatment Plant |
| ৫ | GCF | Green Climate Fund |
| ৬ | NAP | National Adaption Plan |
| ৭ | ODP | Ozone Depleting Potential |
| ৮ | ODS | Ozone Depleting Substance |
| ৯ | SACEP | South Asia Co-operative Environment Program |
| ১০ | SMART | Special Monitoring and Reporting Tools |
| ১১ | UNCCD | United Nations Convention to Combat Desertification |

## সংযোজনী- ২

### কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী কার্যালয়সমূহ এবং পরিমাপ পদ্ধতি-এর বিবরণ

**সংযোজনী- ২:**

**কর্মসম্পাদন সূচকের পরিমাপ পদ্ধতি**

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক |
|---|---|---|---|
| [১.১] বোর্ড সভা | [১.১.১] অনুষ্ঠিত সভা | পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় | প্রতিবেদন/সরেজমিনে পরিদর্শন |
| | [১.১.২] সিদ্ধান্ত বাস্তবায়ন | পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় | প্রতিবেদন/সরেজমিনে পরিদর্শন |
| [২.১] প্রাতিষ্ঠানিক সক্ষমতা | [২.১.১] প্রাতিষ্ঠানিক সক্ষমতা | পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় | বার্ষিক প্রতিবেদন/সরেজমিনে পরিদর্শন |
| [৩.১] সমস্যা চিহ্নিতকরণ ও সমাধানের উদ্যোগ গ্রহণ | [৩.১.১] চিহ্নিত সমস্যা | বাংলাদেশ রাবার বোর্ড | প্রতিবেদন/সরেজমিনে পরিদর্শন |
| | [৩.১.২] সমাধানকৃত | বাংলাদেশ রাবার বোর্ড | প্রতিবেদন/সরেজমিনে পরিদর্শন |
| [৪.১] রাবার চাষ উপযোগী জমি চিহ্নিতকরণ ও জমি বরাদ্দের উদ্যোগ | [৪.১.১] চিহ্নিত জমি | বাংলাদেশ রাবার বোর্ড ও সংশ্লিষ্ট জেলা প্রশাসন | প্রতিবেদন/সরেজমিনে পরিদর্শন |
| | [৪.১.২] বরাদ্দ | বাংলাদেশ রাবার বোর্ড ও সংশ্লিষ্ট জেলা প্রশাসন | প্রতিবেদন/সরেজমিনে পরিদর্শন |

## সংযোজনী-৩:

## অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ

| সংস্থার ধরণ | যেসকল অফিসের সাথে সংশ্লিষ্ট | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | সংশ্লিষ্ট অফিসের সাথে কার্যক্রম সমন্বয়ের কৌশল |
|---|---|---|---|---|
| অন্যান্য | পরিষদ সংশ্লিষ্ট প্রতিষ্ঠান | [১.১] বোর্ড সভা | [১.১.১] অনুষ্ঠিত সভা | সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের সাথে নিয়মিত যোগযোগ করা। প্রোয়োজনে সভার মাধ্যমে সূচক বাস্তবায়নের গুরুত্বের বিষয়ে আলোকপাত। |
| অন্যান্য | ঐ | [১.১] বোর্ড সভা | [১.১.২] সিদ্ধান্ত বাস্তবায়ন | ঐ |
| অন্যান্য | সংশ্লিষ্ট প্রতিষ্ঠান | [২.১] প্রাতিষ্ঠানিক সক্ষমতা | [২.১.১] প্রাতিষ্ঠানিক সক্ষমতা | সভা |
| অন্যান্য | জেলা প্রশাসন এবং বিভাগ | [৩.১] সমস্যা চিহ্নিতকরণ ও সমাধানের উদ্যোগ গ্রহণ | [৩.১.১] চিহ্নিত সমস্যা | মতবিনিময় সভা |
| অন্যান্য | জেলা প্রশাসন এবং বিভাগ | [৩.১] সমস্যা চিহ্নিতকরণ ও সমাধানের উদ্যোগ গ্রহণ | [৩.১.২] সমাধানকৃত | মতবিনিময় সভা |
| অন্যান্য | জেলা প্রশাসন ও ভূমি মন্ত্রণালয় | [৪.১] রাবার চাষ উপযোগী জমি চিহ্নিতকরণ ও জমি বরাদ্দের উদ্যোগ | [৪.১.১] চিহ্নিত জমি | জেলা প্রশাসন ও ভূমি মন্ত্রণালয় এর সাথে যোগাযোগ রক্ষা করা। |
| অন্যান্য | জেলা প্রশাসন ও ভূমি মন্ত্রণালয় | [৪.১] রাবার চাষ উপযোগী জমি চিহ্নিতকরণ ও জমি বরাদ্দের উদ্যোগ | [৪.১.২] বরাদ্দ | জেলা প্রশাসন ও ভূমি মন্ত্রণালয় এর সাথে যোগাযোগ রক্ষা করা। |

## সংযোজনী ৪:

### যেসকল নীতি/পরিকল্পনার আলোকে কর্মসম্পাদন পরিকল্পনা প্রস্তুত করা হয়েছে

| ক্রমিক নম্বর | নীতি/পরিকল্পনার নাম | নীতি/পরিকল্পনার যে অংশের আলোকে এপিএ'র কার্যক্রম গ্রহণ করা হয়েছে | এপিএ'র সংশ্লিষ্ট কার্যক্রম |
|---|---|---|---|
| ১ | এস ডি জি | এস ডি জি -১৩ (climate action) | দূষণ রোধে উন্নত প্রযুক্তির প্রচলন ও ব্যবহার, বায়ুর গুণগতমান পরিবীক্ষণ, পরিবেশ দূষণকারী ব্যক্তি/ প্রতিষ্ঠানের অভিযান/ মোবাইল কোর্ট পরিচালনা এবং সচেতনতা বৃদ্ধি কর্মসূচি, ওজোন স্তর রক্ষা কার্যক্রম , ভূগর্ভস্থ ও ভূপৃষ্ঠস্থ পানির গুণগত মান পর্যবেক্ষণ , বনায়ন কার্যক্রম , রক্ষিত এলাকার সম্প্রসারণ, সামাজিক বনায়ন কাযক্রম |
| ২ | Bangladesh Climate Change Strategy and Action Plan | Bangladesh Climate Change Strategy and Action Plan ২০০৯ এ Towards a Climate Change Strategy and Action Plan | জলবায়ু পরিবর্তনজনিত ঝুঁকি মোকাবেলায় ক্ষতিগ্রস্থ জনগোষ্ঠীর জীবনযাত্রার মান উন্নয়নে BCCSAP/SDGs/ সংক্রান্ত প্রকল্প/ কার্যক্রম গ্রহণ, জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ডের অর্থায়নে গৃহীত প্রকল্প বাস্তবায়ন নিশ্চিতকরণ |
| ৩ | রাবার নীতি ২০১৩ | | |
| ৪ | বাংলাদেশ রাবার বোর্ড আইন ২০১৩ | | |